ব্যাংক ম্যানেজারকে ‘ভাই’ বলায়…

ঢাকার ধামরাই বাজার শাখার কৃষি ব্যাংক কার্যালয়ে ম্যানেজারকে ‘স্যার’ না বলায় এক সেবা গ্রহীতার সাথে চরম দুর্ব্যবহার করে ব্যাংক থেকে বের করে দেওয়ার অভিযোগ উঠেছে। গতকাল রবিবার সকালে এ ঘটনা ঘটেছে। এ নিয়ে ব্যাংকের অন্যান্য গ্রাহকরা অসন্তোষ প্রকাশ করেছেন।

ভুক্তভোগী গ্রাহক উপজেলার নান্নার গ্রামের ইছামুদ্দিনের ছেলে জাকির হোসেন বলেন, রবিবার সকালে ধামরাই বাজার কৃষি ব্যাংক শাখায় যান তিনি। তিনি ব্যাংক ম্যানেজার সোহরাব জাকিরের কক্ষে গিয়ে তার কাছে জানতে চান- একটি গবাদিপশুর খামারের জন্য ব্যাংক থেকে ঋণ নিতে হলে কি কি কাগজপত্রাদি লাগবে। এ সময় জাকির হোসেন ব্যাংক ম্যানেজার সোহরাব জাকিরকে দুইবার ‘ভাই’ বলে সম্বোধন করেন। আর এতে সোহরাব জাকির ক্ষিপ্ত হয়ে জাকিরের সাথে চরম দুর্ব্যবহার করেন। এতে ম্যানেজারের সঙ্গে বাকবিতণ্ডার সৃষ্টি হয় জাকিরের। এক পর্যায়ে জাকিরকে ব্যাংক থেকে বের করে দেন ম্যানেজার। এ সময় ম্যানেজারের কাণ্ড দেখে অসন্তোষ প্রকাশ করেন উপস্থিত গ্রাহকরা।

ঘটনার সত্যতা স্বীকার করে ওই ব্যাংক ম্যানেজার সোহরাব জাকির বলেন, ‘স্যার’ বললে অসুবিধা কোথায়? তবে জাকিরকে ব্যাংক থেকে বের করে দেওয়া হয়নি বলে জানান ব্যাংক ম্যানেজার।